

পরীক্ষা

এইচএসসি পরীক্ষা

বাংলা দ্বিতীয় পত্রে অনুপস্থিত ৬৫৯৯ শিক্ষার্থী, সর্বোচ্চ ঢাকা বোর্ডে ১৭০৫

নিজস্ব প্রতিবেদক ঢাকা



প্রথম আলো ফাইল ছবি

এইচএসসি ও সমমানের পরীক্ষায় আজ রোববার ছিল বাংলা দ্বিতীয় পত্রের পরীক্ষা। এ পরীক্ষায় অংশগ্রহণ করেননি ৬ হাজার ৫৯৯ পরীক্ষার্থী। সবচেয়ে বেশি অনুপস্থিত ঢাকা শিক্ষা বোর্ডে। অনুপস্থিত ছিলেন এ বোর্ডের ১ হাজার ৭০৫ জন।

চট্টগ্রাম এবং মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বোর্ড বাদে বাকি আটটি শিক্ষা বোর্ডের অধীন এ পরীক্ষা চলছে। প্রাকৃতিক দুর্ঘাগের কারণে চট্টগ্রামসহ তিনটি শিক্ষা বোর্ডের পরীক্ষা পিছিয়ে ২৭ আগস্ট শুরুর সিদ্ধান্ত হয়েছে।

আজ রোববার আট শিক্ষা বোর্ডের অধীন মোট পরীক্ষার্থী ছিলেন ৯ লাখ ৪৬ হাজার ৮৪৫ জন। তাঁদের মধ্যে পরীক্ষায় অংশ নিয়েছেন ৯ লাখ ৪০ হাজার ২৪৬ জন। অনুপস্থিত পরীক্ষার্থীদের মধ্যে ঢাকা শিক্ষা বোর্ডে ১ হাজার ৭০৫ জন,

রাজশাহীতে ১ হাজার ৮৮, কুমিল্লায় ১ হাজার ৩৭, যশোরে ৬৯৩, সিলেটে ৮৫৫, বরিশালে ৮১৫, দিনাজপুরে ৮৪৬ ও
ময়মনসিংহে ৪০৮ জন।

চলতি বছরে সব বিষয়ে পূর্ণ নম্বর ও পূর্ণ সময়ে পরীক্ষার্থীরা অংশ নিচ্ছেন। তবে আইসিটিতে ১০০ নম্বরের পরিবর্তে ৭৫
নম্বরের পরীক্ষা দেবেন শিক্ষার্থীরা।



 **prothomalo.com**

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ত্ব © ২০২৩ প্রথম আলো